

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ০৯/০৫/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত “কম্পট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গভবন, গণভবন এন্ড প্রাইম মিনিষ্টার’স অফিস (১ম সংশোধন)”-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী:

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) জনাব আহমদ হোসেন খান এর সভাপতিত্বে গত ০৯/০৫/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত “কম্পট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গভবন, গণভবন এন্ড প্রাইম মিনিষ্টার’স অফিস (১ম সংশোধন)”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-“ক” তে সন্নিবেশিত।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহ্বান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের (ডিপিডিসি) বিদ্যুৎ বিতরণ কার্যক্রমের ভৌগলিক এলাকার অধীন বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয় সর্বাধিক গুরুত্বপূর্ণ ‘কি পয়েন্ট ইনস্টলেশন (কেপিআই)’। উক্ত কেপিআইসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সংশ্লিষ্ট সুইচিং স্টেশনসমূহের বৈদ্যুতিক যন্ত্রপাতি সার্বক্ষণিক সংরক্ষণ এবং কার্যকরী রাখতে হয়। এছাড়া নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে এক্সপ্রেস লাইন, বিশেষ লাইন ও ফিডার লাইনের প্রয়োজন হয়। বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে Ring Main Unit (RMU) ও একাধিক এক্সপ্রেস ফিডারের (source) মাধ্যমে বিদ্যুৎ বিতরণ করা হয়ে থাকে। কিন্তু RMU সমূহ অনেক পুরাতন হওয়ায় প্রায় ক্ষেত্রেই বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে ঝুঁকির সম্মুখীন হতে হয় এবং বিদ্যমান RMU সিস্টেমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ বিতরণে বিঘ্ন ঘটার সম্ভাবনা থাকে। বিদ্যমান পদ্ধতিতে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে Low Voltage একটি সমস্যা, যার কারণে বৈদ্যুতিক যন্ত্রপাতির ক্ষতি সাধিত হয়।

বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মতো সর্বাধিক গুরুত্বপূর্ণ কেপিআই সমূহে উল্লেখিত সমস্যা থেকে পরিত্রাণ এবং সঠিক Voltage লেভেলে আরো নির্ভরযোগ্য বিদ্যুৎ পেতে 11 kV Switchgear with Automatic Changeover Switch এবং 11 kV Automatic Voltage Regulator (AVR) ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপন করার লক্ষ্যে “Construction of 11 kV Switching Station at Bangabhaban, Ganabhaban & Prime Minister’s office.”-শীর্ষক প্রকল্পটি মোট ২৪.৮৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ২৪.৬০ কোটি এবং প্রকল্প সাহায্য ২৪.৮৯ কোটি) ব্যয়ে গত ০৯/১০/২০১৪ তারিখের মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্তমানে বিদ্যুৎ বিভাগ প্রকল্পটি সংশোধনের নিমিত্ত আলোচ্য প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করেছে।

আলোচ্য প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় মোট ৩০.৭৫ কোটি (জিওবি- ৩০.৩৬ কোটি, ডিপিডিসি’র নিজস্ব-০.৩৯ কোটি) টাকা যা অনুমোদিত ডিপিপির তুলনায় ৫.৮৬ কোটি টাকা (২৩.৫৪%) বেশী এবং বাস্তবায়ন মেয়াদ প্রস্তাব করা হয়েছে জুলাই ২০১৪ হতে জুন ২০১৮ পর্যন্ত।

৩। আলোচনাঃ

৩.১ সভায় পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে প্রকল্পের পুনঃনির্ধারিত মেয়াদ ডিসেম্বর, ২০১৫-তে অর্থাৎ মেয়াদ শেষ হওয়ার চার মাসেরও অধিক সময় পর প্রকল্প সংশোধনের প্রস্তাব প্রেরণের কারণ জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, গত ০৭/০১/২০১৫ তারিখ ডিপিডিসি কর্তৃক আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। কারিগরিভাবে responsive একমাত্র দরদাতা প্রতিষ্ঠান এর দর official estimate অপেক্ষা substantially higher (27.68% higher) হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক “Re-tender” এর সুপারিশ করা হয়। ০২/০৭/২০১৫ তারিখে “Re-tender” আহবান করা হয়। এপ্রেক্ষিতে টেন্ডার কার্যক্রমে অংশগ্রহনকারী মোট ০২ (দুই) টি প্রতিষ্ঠান-ই কারিগরিভাবে Non-responsive হওয়ায় ১৫/০৯/২০১৫ তারিখে “দরপত্র মূল্যায়ন কমিটি” Fresh Tender করার পক্ষে সুপারিশ প্রদান করে। ডিপিডিসি’র বোর্ড সভায় উপস্থাপন করা হলে ডিপিডিসি বোর্ড সংশ্লিষ্ট কাজের প্রাক্কলন সংশোধনসহ বিড ডকুমেন্ট এর প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে Fresh Tender এর জন্য নির্দেশনা প্রদান করে। এ প্রেক্ষিতে ডিপিপি সংশোধনপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে ডিপিডিসিকে বলা হয় (আরডিপিপি Attachment- F)। ১৮/১১/২০১৫ তারিখে ডিপিডিসি বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক তৃতীয় বারের মতো Fresh Tender আহবান করা হয়। পরবর্তীতে Fresh Tender এর জন্য প্রস্তুতকৃত official estimate অবলম্বনে ডিপিপি সংশোধন করে গত ০৩/১২/২০১৫ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৫/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভায় ১৮/১১/২০১৫ তারিখে আহবানকৃত Fresh Tender এর প্রাপ্ত দরপ্রস্তাব এর ভিত্তিতে প্রকল্পের ডিপিপি সংশোধনপূর্বক পুনরায় বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য বলা হয় (আরডিপিপি Attachment- F)। তদনুযায়ী, Fresh Tender-এ বিডারদের দাখিলকৃত কারিগরি ও আর্থিক প্রস্তাবসমূহ TEC কর্তৃক মূল্যায়ন শেষে ও ডিপিডিসি বোর্ড কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর সর্বনিম্ন দরদাতার দর বিবেচনা করে ডিপিপি সংশোধনপূর্বক ২৮/০৩/২০১৬ তারিখে পুনরায় বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। একারণে ডিপিপি-টি অধিকতর বাস্তবসম্মতভাবে সংশোধনের স্বার্থে এ বিলম্ব ঘটেছে। কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানান যে, বারংবার পুনঃটেন্ডার, নতুন টেন্ডার করার পরেও টেন্ডার প্রক্রিয়াকরণে সময় বাঁচানো যেতো। ভবিষ্যতে এ ধরনের জটিল কাজের পূর্ব পরিকল্পনা আরো সতর্কতার সাথে করার বিষয়ে সভায় ডিপিডিসি’কে পরামর্শ দেয়া হয়।

৩.২ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি সংশোধনের কারণ হিসেবে Tender document এবং Evaluated Lowest Bidder Price এর সাথে সমন্বয়পূর্বক বৈদ্যুতিক মালামালের মধ্যে কিছু বৈদ্যুতিক Item RDPP-তে পুনর্বিন্যাস ও সংযোজন করা হয়েছে। কী কী আইটেম পুনর্বিন্যাস ও সংযোজন করা হয়েছে তা জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, মূল অনুমোদিত ডিপিপি’তে 110 V Battery & Battery Charger একত্রে ৩ সেট রাখা ছিল, যা RDPP-তে পুনর্বিন্যাস করে আলাদাভাবে ৬ সেট রাখা হয়েছে। মূল অনুমোদিত ডিপিপি’তে AC Distribution Panel ৩ সেট রাখা ছিল, যা RDPP-তে পুনর্বিন্যাস করে ৬ সেট রাখা হয়েছে। Original DPP-তে Communication Equipment হিসাবে VHF Radio Equipment ৬ সেট রাখা ছিল, যা RDPP-তে Communication Equipment পুনর্বিন্যাস করে VHF/UHF antenna complete in all respect- ৩ সেট এবং VHF/UHF base station with Battery & Battery Charger and 4 nos. walkie-talkie with Battery Charger- ৬ সেট রাখা হয়েছে এবং আরডিপিপি’তে Switching Station এর জন্য নতুনভাবে Air Conditioner of 5 ton capacity dual split type- ৭ টি অংগ সংযোজন করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর Tender document এবং Evaluated Lowest Bidder Price এর সাথে সমন্বয়পূর্বক বৈদ্যুতিক মালামালের কী কী আইটেম পুনর্বিন্যাস ও সংযোজন করা হয়েছে তা পুনর্গঠিত আরডিপিপি’তে উল্লেখ করতে হবে মর্মে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, আরডিপিপি'তে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩০.৭৫ কোটি টাকার মধ্যে ডিপিডিসি'র অবদান মাত্র ০.৩৯ কোটি টাকা অর্থাৎ মোট ব্যয়ের ১.২৭%। আলোচ্য প্রকল্পে ডিপিডিসি'র নিজস্ব অর্থায়নের পরিমাণ বাড়ানো যায় কি না প্রসঙ্গ বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্প এলাকায় (বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়) বিদ্যমান কেপিআইডুজ বৈদ্যুতিক স্থাপনাসমূহ গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন হওয়ায় ডিপোজিট ওয়ার্ক এর মাধ্যমে উক্ত নির্মাণ কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত ছিল। পরবর্তীতে গত ০৩/০২/২০১৪ ইং তারিখে বিদ্যুৎ বিভাগের প্রকল্প যাচাই কমিটির সভায় প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সুপারিশ করা হলেও প্রকল্পের ব্যয় গণপূর্ত মন্ত্রণালয়ের বাজেট হতে বহন করার জন্য আলাদা ডিও পত্র প্রদান এর সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী ০৯/০৩/২০১৪ ইং তারিখে গণপূর্ত মন্ত্রণালয়ে ডিও পত্র প্রেরণ করা হয়। ডিপিডিসি একটি সরকারী মালিকানাধীন কোম্পানি এবং ডিপিডিসি'র নিজস্ব অর্থায়নে ইতোমধ্যে অনেক প্রকল্পের বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হয়েছে এবং চলমান রয়েছে। বিস্তারিত আলোচনার পর প্রকল্প ব্যয়ে ডিপিডিসি'র অবদান আর না বাড়ানোর পক্ষে বিদ্যুৎ বিভাগের প্রস্তাবে সভা একমত পোষণ করে।

৩.৪ সভায় উল্লেখ করা হয় যে, আরডিপিপি'তে প্রকল্পের অনুকূলে গাড়ী ভাড়া বাবদ ১৯.২০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। যা মূল ডিপিপি'তে ছিলনা। গাড়ী ভাড়া নেয়ার যৌক্তিকতা সম্পর্কে জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, আলোচ্য প্রকল্পের অধীন বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয় ভিন্ন ভিন্ন জায়গায় হওয়ায় প্রকল্প বাস্তবায়নকাজ সঠিকভাবে তদারকির ও পরিদর্শন এর স্বার্থে বাস্তবতার আলোকে প্রকল্প মেয়াদকালের জন্য Transport Rent & Hire আইটেম টি সংশোধিত ডিপিপি'তে সংস্থান রাখা হয়েছে যা প্রকল্পের দাপ্তরিক কাজে সহায়ক হবে। প্রকল্পের আওতায় গাড়ী ক্রয়ের পরিবর্তে প্রকল্প সময়ের জন্য গাড়ী ভাড়া নেয়া অধিক যুক্তিসংগত বিধায় তা সভায় গ্রহণযোগ্য বলে প্রতীয়মান হয়।

৩.৫ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের সূষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের অন্যান্য প্রকল্পের অনুরূপ প্রস্তাবিত প্রকল্পে একটি Project Steering Committee- (PSC) এবং একটি Project Implementation Committee (PIC) এর গঠন ও কর্মপরিধি পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করা প্রয়োজন। এ প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্পের সূষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের অন্যান্য প্রকল্পের অনুরূপ প্রস্তাবিত প্রকল্পে একটি Project Steering Committee (PSC) এবং একটি Project Implementation Committee (PIC) এর গঠন ও কর্মপরিধি পুনর্গঠিত ডিপিপি'তে সংযুক্ত করা হবে।


৩.৬ সভায় প্রকল্পের আওতায় প্রধান প্রধান যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে যন্ত্রপাতির Country of origin হিসেবে লেখা PPR এর আলোকে যুক্তিযুক্ত কি না তা জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় প্রধান প্রধান বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহ দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ কেপিআইডুজ স্থাপনায় (বঙ্গভবন, গণভবন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়) স্থাপন করা হবে। দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ কেপিআইডুজ বৈদ্যুতিক স্থাপনাসমূহে নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুতের সরবরাহ নিশ্চিত করণের লক্ষ্যে বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহের মান অধিকতর নিশ্চিতকরণের নিমিত্ত Country of Origin হিসেবে একাধিক দেশের নাম উল্লেখ করা হয়েছে যাহা অনুমোদিত মূল ডিপিপি'তেও উল্লেখ আছে। উল্লেখ্য, মূল ডিপিপি অনুমোদনের লক্ষ্যে ৩০/০৪/২০১৪ ইং তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় উক্ত বিষয়ে আলোচনা করা হয়েছিল।

৩.৭ গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান যে, যেহেতু আলোচ্য প্রকল্পের আওতায় পূর্ত কাজ EPC ঠিকাদার কর্তৃক সম্পন্ন করা হবে তাই KPI স্থাপন কাজের পূর্বে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ প্রয়োজন হবে। সভায় আলোচনান্তে ছাড়পত্র যথাসময়ে প্রাপ্তির লক্ষ্যে পূর্বেই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষকে সচেষ্ট থাকার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৮ আরডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় কিছু মুদ্রণজনিত ত্রুটি আছে যা সংশোধন করার বিষয়ে সভায় একমত প্রতীতিত হয়।

৪। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে “কন্সট্রাকশন অব ১১ কেভি সুইচিং স্টেশন এ্যাট বঙ্গাবন, গণভবন এন্ড প্রাইম মিনিস্টার’স অফিস (১ম সংশোধন)”-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

- ৪.১ Tender document এবং Evaluated Lowest Bidder Price এর সাথে সমন্বয়পূর্বক বৈদ্যুতিক মালামালের কী কী আইটেম পুনর্বিন্যাস ও সংযোজন করা হয়েছে তা পুনর্গঠিত আরডিপিপি’তে উল্লেখ করতে হবে।
- ৪.২ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের অন্যান্য প্রকল্পের অনুরূপ প্রস্তাবিত প্রকল্পে একটি Project Steering Committee (PSC) এবং একটি Project Implementation Committee (PIC) এর গঠন ও কর্মপরিধি পুনর্গঠিত আরডিপিপি’তে সংযুক্ত করতে হবে।
- ৪.৩ KPI স্থাপন কাজের পূর্বে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের ছাড়পত্র যথাসময়ে প্রাপ্তির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষকে সচেতন থাকতে হবে।
- ৪.৪ আরডিপিপি’র বিভিন্ন পৃষ্ঠার মুদ্রণজনিত ত্রুটিসমূহ সংশোধন করতে হবে।
- ৪.৫ আলোচনা মোতাবেক এবং উপরোক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করতঃ পুনর্গঠিত ডিপিপি সত্ত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
- ৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(আহমদ হোসেন খান) ২০/৫
সদস্য ১১
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন